ties of mind.

### 5. Evidence of the Unconscious

The Unconscious also admits of convincing proofs. Errors of everyday life, dreams, mental diseases, hypnotism, suggestion, among other phenomena, are incontrovertible evidences of the unconscious. Besides, all the higher values of the psyche like art, morality, religion, philosophy, literature, social customs and manners, rites and rituals of different religious institutions and myths are motivated by the forces of the unconscious.

In his Psychopathology of Everyday Life *Freud* made valuable contributions to the understanding of the common errors which we make. *Everyday mistakes* do not occur by chance, but by causative forces of the unconscious. The forgetting of proper names or of one's intention. various lapses of memory like slips of tongue, pen or in reading, wrong seeing and hearing among other of everyday life like mislaying object, are caused by repressed desires of the unconscious,

*Dr. Brill* cites an example of forgetting a name. A colleague of his, Dr. B, failed to remember the name of his relative Mr. Brown, though he happened to have been indebted to the latter in various ways. Mr. Brown had written to him, wanting some money as loan a month and a half ago. But far from sending him money, Dr. B not merely made no response to that letter, he managed to miss it altogether. The forgetting of this name caused by B's conflict of the sense of gratitude with his refusal to extend him any help. It was simple motivated by the unconscious desire to get away from this unpleasant situation.

*Daydream* is another evidence on the point. The daydreams of the cow girl, the egg-seller and Alnascar illustrate the workings of the unconscious. Each of them dreamt while awake that he or she would be rich from the sale

proceeds of his or her commodity, so that the princess or the prince of the country would approach him or her for marriage, whom he or she **would** refuse by nodding or kicking. Each physically nodded dissent or kicked, resulting in the destruction of the goods. At the root of such day-dreams lies the unconcious repression of their desire for self-assertion in waking life.

*Dreams* are also motivated by some repressed desires of the unconscious. Immoral and anti-social desires being opposed to accepted ideals of life find no fulfilment in waking life. So they are driven to the unconscious, being repressed. But they constantly persist in coming out from the unconscious to the broad daylight of the conscious. When in the state of mild sleep, the vigil of the super-ego is relaxed, they manifest themselves in the conscious in disguise. Dream means such distorted manifestations of unconscious desires in the conscious during the state of mild sleep.

The phenomena of *hypnotism* and *suggestion*, again, lend confirmation to the existence of the unconscious. An individual carries out suggestions given to him during the hypnotic state even after it is over, when such suggestions are forgotten. Thus *post-hypnotic suggestion* seems to be motivated by the unconscious. It may, however, be remarked that the hypnotic state may be a subconscious or vaguely conscious, instead of an unconscious one, for the hypnotised person does not carry out orders in the post-hypnotic state, if these are opposed to his moral or spiritual nature.

Unconscious desires are, again, manifested through various *disease symptoms*. Washing mania, a species of obsessional psychoneurosis, may be cited as an example. The washing maniac fears lest he might be defiled by touch. Under the pre-text of keeping his body pure, he goes on washing himself, bathing and rinsing or washing his mouth for hours together. Again, the counting maniac goes on counting some objects ad infinitum, lest some mistake in counting might have crept in. Behind such disease symtoms are operative some or other forbidden and so unconscious desires. The fear maniac,

again, is afraid of everything due to some immoral desire repressed in infancy and so banished in the unconscious. Similarly, hysteria, paranoia, melancholia and dementia praecox, among other mental diseases, are motivated by repressed unconscious desires.

A part from the above abnormal manifestations, the *values of the higher psyche* are also motivated by the unconscious. The repressed and unconscious desires of the normal mind are manifested in the conscious through *three* main mechanisms.

The first is *sublimation* through which an unconscious desire deviates from its normal aim and is canalised along a channel conducive to individual and social welfare. It is sublimation that makes for philosophy, science, art, literature, patriotism, love of truth, beauty, goodness and God, among other values of mental life. A Sankara or a Plato, a Śri Chaitanya or a Jesus Christ, a Raphael or a Leonardo Da Vinci, a Florence Nightingale or a Mahatma Gandhi are the consummation of sublimation.

*Displacement* is the second mechanism at the disposal of the unconscious for normally manifesting itself in the conscious. A girl, for example, manifests her motherly desire through her concern with the doll and the repressed motherly desire of a childless woman finds a conscious outlet through absorbing preoccupations with cats, dogs or birds.

The third mechanism of the unconscious is *reaction formation*, which manifests it through opposite conscious forms. The adolescent Jean Valjean of Victor Hugo's Les Miserables, stole bread with a good intention. The dogged persecution of the police changed him into a branded thief. Conversely, Jagai and Madhai, two scoundrels, turned into ideal saints by the soft and healing touch of Sri Gauranga.

*Conclusion* : From the above it is clear that mind is not identical or coextensive with consciousness. The centre of its field is the point of clearest consciousness. Deeper down the conscious there are at least three levels of mind, viz., the subconscious, the preconscious and the unconscious. The subconscious is a vaguely conscious level of mind, which

appears as we gradually recede from the centre to the margin or periphery of the field of consciousness. The subconscious fails to account for all facts of memory and recognition among other mental processes. It does not stand to reason to argue that the object before it is revived or recognised, continued to exist vaguely in the subconscious. Nor does it seem reasonable to say that it existed in the unconscious, for in that case it would not be revived or recognised properly due to the distortion or disguise involved in the translation of unconscious processes into the conscious. So it has been argued that besides the subconscious and the unconscious there exists a preconscious level of mind. Still deeper down lies the unconscious level of mind. It is devoid of consciousness like the preconscious. But whereas preconscious states of mind do not require technical efforts to be revived in consciousness, unconscious processes do. Moreover, while the preconscious is not manifested in the conscious with much distortion and disguise, the unconscious is.

With the above characteristics of the conscious, the subconscious, the preconscious and the unconscious chances for confounding them are minimised.

Let it be noted that the *four-levelled view* of the depths of mind as advocated above is the author's own. The trilevelled view is the commonly accepted one, viz., that of the conscious-subconscious-unconscious, as tradition has it and that of the conscious-preconscious-unconscious, as Freud recognizes it to be. The view accepted by the author is a reconstruction of the above two. It seeks to interpose the preconscious between the subconscious and the unconscious in the traditionally accepted three-levelled view. Again, it urges upon the subconscious as a level of mind between the conscious and the preconscious in the three-levelled view of Freud.

ছিল বলেই এরূপ ভ্রান্ত প্রত্যক্ষ জন্মায়।

## ৫। নির্জ্ঞান স্তর এবং তার অস্তিত্ব বিষয়ে প্রমাণ (The Unconscious and Proof for its Existence) ঃ

**নির্জ্ঞান স্তর ঃ** চেতনার ক্ষেত্র বহির্ভূত অথচ মনোজগতের অন্তর্গত এক গভীরতম স্তরকে 'নির্জ্ঞান' (unconscious) বলা হয়। একটি ভাসমান বরফের পাহাড়ের নয়-দশমাংশ যেমন জলের অতলান্তে নিমজ্জিত, এক-দশমাংশ প্রত্যক্ষ করা যায়, সেরকম আমাদের চেতনস্তরকে অতিক্রম করে এক গভীরতম স্তর মনের সমুদ্রে বিস্তৃত, যার বৃহৎ অংশই ব্যাপক, সামান্য অংশই চেতনাকে প্রভাবিত করে ; তাকে নির্জ্ঞান স্তর বলে অভিহিত করা হয়। অবচেতনে যা থাকে সে সম্বন্ধে আমাদের মনে একটা ক্ষীণ ধারণা জন্মায়। কিন্তু নির্জ্ঞান সম্বন্ধে আমাদের কোন সচেতনতাই থাকে না। অনেকে নির্জ্ঞান বলতে 'জড়' (matter)-কে বুঝিয়ে থাকেন, অর্থাৎ, যার কোন চেতনা নেই। নির্জ্ঞান স্তর চেতনা বহির্ভূত। দ্বৈতবাদী দার্শনিক দৃষ্টিভঙ্গী থেকে জড়কেই 'নির্জ্ঞান' বলা হয়, যেহেতু জড় মনের বিপরীতধর্মী বস্তু। কিন্তু আধুনিক মনোবিদ্যায় সিগমুণ্ড ফ্রয়েড (Sigmund Freud) মনঃসমীক্ষণ বিষয়ক গবেষণার দ্বারা এক অভিনব দৃষ্টিভঙ্গীতে নির্জ্ঞান স্তরের অবতারণা করেছেন। এই স্তর গতিধর্মী এবং সক্রিয়, যেখানে কামনা, বাসনা ও কর্মপ্রেরণা সংগুপ্ত হয়ে আছে, যেগুলি আমাদের আলোড়িত করে। নির্জ্ঞান স্তরকে ফ্রয়েড অচেতন স্তরই বলেছেন। কিন্তু নাইট ও নাইট (Knight and Knight) ভাষার জটিলতার দিক চিন্তা করে ফ্রয়েড কথিত নির্জ্ঞান স্তরকে 'অবচেতন' আখ্যা দিয়েছেন এবং তাঁরা মনে করেন যে দুটি শব্দই পরস্পর বিকল্প (the term 'unconscious' and 'subconscious' will be used interchangeably ; but Subconscious is preferred, as being less liable to create linguistic difficulties".—*Knight and Knight*, A Modern Introduction to Psychology. P. 212)। আমরা অবশ্য 'অবচেতন' কথাটি ব্যবহার না করে ফ্রয়েডের 'unconscious' বোঝাতে 'নির্জ্ঞান' পদটিই ব্যবহার করব। মনোবিদ্‌গণ মনে করেন এমন অনেক মানসিক ঘটনা আছে যেগুলির নির্জ্ঞান ছাড়া ব্যাখ্যা করা যায় না, তাই নির্জ্ঞান স্তর অবশ্য স্বীকার্য। হার্টম্যান (Hartman) বলেছেন যে, এমন অনেক অপ্রয়োজনীয় ধারণা উপেক্ষিত হয়ে নিষ্ক্রিয় অবস্থায় মনের এমন অংশে থাকে, যাকে নির্জ্ঞান স্তর বলা যেতে পারে।

### ❑ নির্জ্ঞান মনের অস্তিত্ব সম্পর্কে প্রমাণ ঃ

***নিম্নলিখিত যুক্তিগুলির দ্বারা নির্জ্ঞান মনের অস্তিত্ব প্রমাণিত হয় ঃ***

**(১) স্বপ্ন (Dream) ঃ** আমাদের অনেক অবদমিত কামনা-বাসনা আছে যেগুলি জাগ্রত অবস্থায় কখনও আমাদের চেতনায় ধরা পড়ে না। এগুলি মনের গভীরে অচেতন স্তরে আত্মগোপন করে থাকে। ঘুমের সময় মন যখন ক্লান্ত হয়ে পড়ে তখন সেগুলি অচেতন স্তর

থেকে উঠে এসে স্বপ্নের আকারে অভিব্যক্ত হয়। স্বপ্ন নির্জ্ঞান মনের অস্তিত্বকে প্রমাণ করে। আমাদের অপূরিত কামনা-বাসনাগুলি ছদ্ম-প্রতিরূপ ধারণ করে নির্জ্ঞান স্তরে এবং স্বপ্নের মাধ্যমে এগুলির প্রতিফলন ঘটে।

**(২) দিবাস্বপ্ন (Day-Dream) ঃ** দিবাস্বপ্ন হল জেগে স্বপ্ন দেখা। এ এক ধরনের যন্ত্রণাকাতর দুঃখী মানুষের রূপালী কল্পনার জাল বুনে আত্মতৃপ্তি পাওয়া। এ এক প্রকার রোমন্থন। দিবাস্বপ্ন আমাদের মনগড়া। এই স্বপ্ন জাগ্রত ও স্বপ্নের মধ্যবর্তী অবস্থায় বিরাজ করে। কোন এক মহিলা দুধ বিক্রি করত গ্রামে গ্রামে ফেরি করে। একদিন অবসন্ন হয়ে কোন এক বটগাছের ছায়ায় বসে ভাবতে লাগল যে সে দুধ বিক্রি করে হাতি কিনবে, হাতি বিক্রি করে বড় প্রাসাদ বানাবে, প্রাসাদ বানিয়ে সে অনেক দাস-দাসী রাখবে তার সেবার জন্য। তাদের মধ্যে কেউ তার আজ্ঞা পালন না করলে সে তাকে লাথি মেরে তাড়িয়ে দেবে। লাথিটা পড়ল তার পাশে রাখা দুধ ভর্তি মাটির কলসীর উপর। কলসীটা ভেঙে গেল। তার ধনী হবার দিবা-স্বপ্নও চুরমার হয়ে গেল। দিবা-স্বপ্ন অল্প বিস্তর সবাই দেখে। অ্যাডলার (Adler) বলেছেন, এরূপ স্বপ্নে আত্মপ্রতিষ্ঠার বিষয়টি রঙীন আকার নিয়ে হাজির হয়। এই স্বপ্ন আমাদের মনগড়া। ফ্রয়েড বলেছেন, নির্জ্ঞানে পৌঁছানোর রাজপথ দিবা স্বপ্ন মনের অজান্তে আমরাই সৃষ্টি করি কিন্তু কেন সৃষ্টি করি তা বুঝি না।

**(৩) প্রাত্যহিক জীবনের ভুলভ্রান্তি (Errors of everyday life) ঃ** ফ্রয়েড তাঁর 'Psychopathology of Everyday life' গ্রন্থে আমাদের প্রাত্যহিক জীবনের নানা ভুল ভ্রান্তির কথা তুলে ধরেছেন এবং বলেছেন যে নির্জ্ঞান ইচ্ছার মাধ্যমেই এসব ভ্রান্তি ঘটে। যেমন, এক কথা বলতে গিয়ে অন্য কথা বলা, কোন বিশেষ ব্যক্তির নাম মাঝে মাঝে ভুলে যাওয়া, কোন পরিচিত শব্দের বানান ঠিকমত না লেখা, পোস্ট অফিসে চিঠি ফেলার সংকল্প নিয়ে বাইরে বেরিয়ে ভুলে যাওয়া ইত্যাদি। ডাঃ জোন্‌স (Jones) নিজের জীবনের নানা ঘটনা থেকে সংকল্প বিস্মৃতির উদাহরণ দিয়েছেন। যে কোন কারণেই হোক, তিনি যে সব রোগীকে পছন্দ করতেন না তাদের চিকিৎসার জন্য দেখতে যেতেও (visit) প্রায় ভুলে যেতেন।

এ প্রসঙ্গে সুহৃৎচন্দ্র মিত্র লিখিত মনঃসমীক্ষণ গ্রন্থে বিভিন্ন উদাহরণ আছে। ড. ব্রিল (Brill) একটি উদাহরণ দিয়েছেন নাম বিস্মৃত হবার ব্যাপারে। প্রায় তিনমাস ধরে তিনি তাঁর একজন সহকর্মী রোগীকে চিকিৎসা করার পরেও তার নাম মনে আনতে পারছিলেন না। রোগীটি ডাক্তারকে চিকিৎসার পর চিকিৎসার সমস্ত খরচ মিটিয়ে দেওয়ার কথা বললেও সেই প্রাপ্য মেটায়নি। এতে ডাক্তার খুবই বিরক্ত বোধ করেছিলেন। আবার এই ডাক্তারই তাঁর এক আত্মীয়ের প্রতি দুর্ব্যবহার করেছিলেন। কিছুদিন আগে আত্মীয়টি ডাক্তারকে কিছু টাকা ধার করার জন্য চিঠি দিয়েছিলেন। ডাক্তার ঐ আত্মীয়ের কাছে বেশ কিছু ব্যাপারে ঋণী ছিলেন। তবু তিনি আত্মীয়টিকে পছন্দ করতেন না। সেজন্য তিনি ঐ চিঠির ব্যাপারে দ্বিতীয়বার চিন্তা করেন। শুধু তাই নয়, চিঠিটি তিনি কোথায় রেখেছেন তাও তিনি স্মরণ করতে পারেন না। ডাক্তারের ঐ আত্মীয়টির নাম 'Brown' রোগীটির নাম 'Bronson'। Brown-এর নামটি ডাক্তার ভুলতে চেয়েছিলেন। যেহেতু Brown নামের সঙ্গে Bronson নামটির 'Bro'(ব্র)-এর উদাহরণগত মিল আছে, তাই Bronson নামটি তিনি বিস্মৃত হয়েছিলেন।

**(৪) আকস্মিক স্মৃতি (Sudden flash of memory) ঃ** এমনও হয় বার বার চেষ্টা করেও কোন নাম স্মরণ করতে পারছে না, তখন ঐ বিষয়ে চেষ্টা ছেড়ে দিয়ে অন্য কাজ করতে ব্যস্ত হয়ে পড়ি। কাজ করতে করতে হঠাৎ সেই নামটি স্মরণে এল। এতে প্রমাণ হয়, নির্জ্ঞান মনের স্তর থেকেই নামটি চেতনার কেন্দ্রে উপনীত হল।

**(৫) আবেগ (Emotion) ঃ** আবেগ নির্জ্ঞান মনের অস্তিত্ব প্রমাণ করে। মনের অগোচরে নির্জ্ঞান স্তরে বিভিন্ন আবেগ জন্ম নেয়, পরিপুষ্টি লাভ করে বৃদ্ধি পেতে থাকে এবং প্রয়োজনমত চেতনার রাজ্যে এসে উপস্থিত হয়। দেখা, শোনা, জানার মধ্য দিয়ে প্রেম নির্জ্ঞানের গভীরে দানা বাঁধতে থাকে। ঘৃণাও নির্জ্ঞান স্তরে ধীরে ধীরে বৃদ্ধি পায়। হঠাৎ একদিন চেতনার কেন্দ্রে এগুলির প্রকাশ ঘটে।

**(৬) উদ্‌গতি, অভিক্রান্তি, বিপরীত গঠন (Sublimation, Displacement, Reaction formation) ঃ**

**উদ্‌গতি (Sublimation) ঃ** বিভিন্ন জনের নির্জ্ঞান স্তরে অবদমিত ইচ্ছা এইভাবে চেতনলোকে আত্মপ্রকাশ ঘটায়। যেমন উদ্‌গতি (sublimation)। কোন মহিলা হয়ত হাসপাতালে সেবিকা বৃত্তি (nursing) গ্রহণ করেছে। খোঁজ নিয়ে দেখা যায় হয়তো তার সন্তানই নেই বা বিয়ের কিছুদিন পরেই তার স্বামীর মৃত্যু হয়েছে। কিন্তু তার মাতৃত্বের কামনা যা নির্জ্ঞান স্তরে অবদমিত ছিল, তা তাকে সেবাব্রতে দীক্ষিত করেছে।

**অভিক্রান্তি (Displacement) ঃ** অভিক্রান্তি নির্জ্ঞান স্তরের অস্তিত্ব প্রমাণ করে। কোন বয়স্ক মহিলা বিড়াল, কুকুর, পাখী প্রভৃতি পুষে তাদের খাইয়ে দাইয়ে খুব আনন্দ পান। এখানে তার সন্তান না হওয়ায় অবদমিত মাতৃত্ব কামনা পশুপাখী লালনপালনের মধ্য দিয়ে অভিব্যক্ত হয়।

**বিপরীত গঠন (Reaction formation) ঃ** নির্জ্ঞান স্তরের ইচ্ছার বিপরীতমুখী প্রকাশ। কোন যুবক যৌবনে কোন যুবতীকে ভালবেসে তাকে না পেয়ে বা তার কাছে থেকে আঘাত পেয়ে নারী বিদ্বেষী হয়ে উঠল। তার কুসুম কোমল প্রবৃত্তি ক্রমশ রূঢ় আচরণে রূপান্তরিত হল। কোন ভদ্রলোক সামাজিক পাকচক্রে আঘাত পেয়ে সমাজবিরোধীতে পরিণত হল এবং পরে ন্যায় নীতির তোয়াক্কা না করে, সামাজিক শৃঙ্খলা নষ্ট করে অন্ধকার জগতের 'ডন' হিসাবে পরিচিত হল। সমাজের মূলস্রোত থেকে দূরে সরে গিয়ে বিপরীতমুখী পথে, সে পুলিশের কাছে সন্ত্রাস সৃষ্টির খলনায়ক হয়ে উঠল। আবার এমন ব্যক্তিও আছে যারা রাজনীতির ভুল পথে চলে হত্যার লীলায় মেতে উঠে পরে অনুশোচনাগ্রস্ত হয়ে সমাজের স্বাভাবিক পথে ফিরে আসে। শাস্ত্রে লিখিত আছে, দস্যু রত্নাকর রামের দর্শন পেয়ে ধ্যান করতে করতে বহুদিন পর বাল্মীকিতে রূপান্তর লাভ করল।

**(৭) ঘুমের সময় মানসিক ক্রিয়া (Activity of mind during sleep) ঃ** নিদ্রা যাবার পূর্বে যে সমস্যার সমাধান হয় নি, নিদ্রা ভাঙার পর সেই সমস্যাটির হঠাৎ সমাধান হয়ে গেল। আলমারির চাবিটি কোথায় রেখেছি মনে পড়ছিল না। এই নিয়ে চিন্তা করতে করতে ঘুমিয়ে পড়লাম। ঘুম থেকে উঠেই মনে পড়ে গেল চাবিটি কোথায় রেখেছি। নির্জ্ঞান স্তরই যে এই সমস্যার সমাধানের পথ দেখিয়েছে এরকম ধারণা করাই সঙ্গত।

**(৮) উপসর্গ (Symptoms) ঃ** মনঃসমীক্ষকগণ গবেষণা করে দেখেছেন বহু ব্যক্তির অস্বভাবী মনের নির্জ্ঞান ইচ্ছা নানা মানসিক ব্যাধির উপসর্গ নিয়ে চেতনলোকে প্রকাশ ঘটায়। 'ক্লেপ্টোম্যানিয়াগ্রস্ত' ব্যক্তিরা বাইরে সুন্দর পোশাকে বেশ পরিপাটি, অথচ কোন বাড়িতে গেলেই এরা এটা-ওটা ছোটখাটো জিনিস চুরি করে। ভয়বায়ুগ্রস্ত ব্যক্তি অনেক সময় অকারণেই ভয় পায়। শুচিবায়ুগ্রস্ত মহিলারা সময়ে অসময়ে বাড়ির দালানে, সিঁড়িতে ঘরে বারবার জল ঢালতে থাকে। ছোটবেলায় অবদমিত কোন অন্যায় বাসনা নির্জ্ঞানে থেকে বর্তমানের আচরণকে প্রভাবিত করে। এইভাবে চিত্তভ্রংশী বাতুলতা (Dementia Proecox), হিস্টিরিয়া (Hysteria) প্রভৃতি মানসিক ব্যাধিগুলি কোন না কোন অবদমিত নির্জ্ঞান কামনারই বহিঃপ্রকাশ।

**(৯) সংবেশন ও অভিভাবন (Hypnotism and Suggestion) :** সংবেশনও সংবেশনোত্তর অভিভাবন নির্জ্ঞান মনের অস্তিত্ব প্রমাণ করে। মনঃসমীক্ষক ফ্রয়েড বিভিন্ন রোগীর ক্ষেত্রে সম্মোহন বা সংবেশন পদ্ধতি ব্যবহার করে ফল লাভ করেন। সংবেশিত অবস্থায় রোগীরা তাদের জট পাকানো চিন্তা যা নির্জ্ঞান স্তরে ছিল, তা প্রকাশ করে ফেলে এবং তার জন্য তারা ডাক্তার নির্দেশিত যথাযথ ওষুধ খেয়ে তাদের রোগ থেকে আরোগ্য লাভ করে। অবশ্য সম্মোহনকালে রোগী যা করে থাকে জাগ্রত অবস্থায় সে তা মনে করতে পারে না। সংবিষ্ট অবস্থায় গরমকালে কোন ব্যক্তিকে নির্দেশ দেওয়া হয় যে, আধ ঘণ্টা পরে সে আলমারী খুলে তার জ্যাকেটটি পরে ড্রয়িংরুমে এসে বসবে, সে তাই করে। সংবিষ্ট অবস্থা কেটে যাবার পর সে মনে করতেই পারে না সে সংবেশনকালে কখন কি করেছিল। আসলে সম্মোহনকারীর নির্দেশটি পরীক্ষণ পাত্রের (ব্যক্তিটি) নির্জ্ঞান মনে গ্রথিত হয়ে ব্যক্তির নির্দিষ্ট আচরণকে নিয়ন্ত্রিত করেছিল। "Hypnotism and its analysis" গ্রন্থে এ বিষয়ে অনেক সবিস্তারে উদাহরণসহ আলোচনা আছে।

**(১০) কবি ও শিল্পীর প্রেরণা (Inspiration of Poets and Artists) :** কবি বা শিল্পীদের নির্দেশ দিয়ে যথা সময়ে কোন কাজ করানো যায় না। সম্পাদক তাঁর পত্রিকার লেখা বা স্কেচ চেয়ে বারবার তাগাদা দিয়ে হতাশ হন। এরা চাহিদামত কাজ করতে সক্ষম হন না। আসলে সৃষ্টির প্রেরণা আসে নির্জ্ঞানস্তর থেকে। যখন এরা অন্য কাজে ব্যস্ত তখন মনের মধ্যে কোন কিছু প্রেরণা আসে এবং তারা ভাবাবেগে আপ্লুত হন। সংজ্ঞান প্রচেষ্টা এখানে কার্যকর হয় না। সংজ্ঞানে লিখতে বসেও কবি বা লেখক দুকলম লিখতে পারে না। অথচ সন্ধানী মন হেথা হোথা ফেরে স্বপ্ন নিয়ে সৃষ্টির প্রেরণায় এবং নির্জ্ঞান মনই তখন শিল্প সৃষ্টির অনুপ্রেরক হয়ে দাঁড়ায়। মিলটন (Milton)-এর "Paradise Lost" অন্ধ অবস্থায় লেখা, কোলরিজ-এর (Coleridge) 'কুবলাখান' (Kublakhan) তার স্বপ্নের মধ্যে অনুমোদিত এবং জাগ্রত অবস্থায় তিনি স্বপ্নানুমোদিত কবিতাটি লেখেন। সুতরাং, কবি ও শিল্পীদের রচনার উৎস হিসাবে নির্জ্ঞান মনের অস্তিত্ব স্বীকার করে নিতে হয়।